

🗏 মারইয়াম | Maryam | مَرْيَم

আয়াতঃ ১৯: ৪৫

া আরবি মূল আয়াত:

ياً بَتِ إِنِّي اَخَافُ أَن يَّمَسَّكَ عَذَابٌ مِّنَ الرَّحمٰنِ فَتَكُونَ لِلشَّيطٰنِ وَلِيًّا ﴿ وَلِيًّا لَا اللَّهُ مَا إِلَّهُ مَا لَا اللَّهُ مَا إِلَّهُ مَا إِلَا اللَّهُ مَا إِلَا اللَّهُ مَا إِلَا اللَّهُ مَا إِلَّهُ مَا إِلَّهُ مَا إِلَا اللَّهُ مَا إِلَا اللَّهُ مَا إِلَّهُ مَا إِلَّهُ مَا إِلَّهُ مَا إِلَا اللَّهُ مَا إِلَّهُ مَا إِلَا اللَّهُ مَا إِلَا اللَّهُ مَا إِلَا اللَّهُ مِنْ اللَّهُ مَا إِلَّهُ مَا إِلَّا اللَّهُ مِنْ اللَّهُ مَا إِلَّهُ مَا إِلَّا اللَّهُ مَا إِلَا اللَّهُ مَا إِلَا اللَّهُ مَا إِلَّهُ مَا إِلَّهُ مِنْ اللَّهُ مَا إِلَا اللَّهُ مَا إِلَّهُ مِنْ اللَّهُ مِنْ اللَّهُ مَا إِلَّهُ مَا إِلَّهُ مَا إِلَّهُ مِنْ اللَّهُ مَا إِلَّهُ مِنْ إِلَا اللَّهُ مِنْ إِلَّهُ مِنْ إِلَّهُ مِنْ إِلَّهُ مِنْ إِلَّهُ مِنْ إِلَّا اللَّهُ مِنْ إِلَّهُ مِنْ إِلَّا اللَّهُ مِنْ إِلَّهُ مَا أَمْ إِلَّا اللَّهُ مِنْ إِلَّا اللَّهُ مِنْ إِلَّهُ مِنْ إِلَّا اللَّهُ مِنْ إِلَّا اللَّهُ مَا أَمْ أَلُ مَا أَنْ مَا أَلَّ مِنْ إِلَّهُ مِنْ إِلَّا مِنْ إِلَّا اللَّهُ مِنْ أَلَّا اللَّهُ مِنْ أَلَّا اللَّهُ مِنْ إِلَّا اللَّهُ مِنْ إِلللَّهُ مِنْ إِلَّا اللَّهُ مِنْ إِلَّا اللَّهُ مِنْ إِلَّا اللَّلَّا مِنْ إِلَّا اللَّهُ مِنْ إِلَا اللَّهُ مِنْ إِلَّا اللّالِمُ الْمِنْ إِلَّا اللَّهُ مِنْ إِلَّا الْمُعْمِلِي الْمُعْلَالِمُ مِنْ إِلَّا الْمُعْلَالِمُ مِنْ إِلَّا الْمُعْلَى الْمُعْلَمِ مِنْ إِلَّا الْمُعْلَقِ مِنْ إِلَّا الْمُعْلَقِلْمُ مِنْ إِلَّا الْمُعْلَقِيلُولُولِمُ الْمِنْ إِلَّا الْمُعْلَمِ مِنْ إِلَّا الْمُعْلَمِ مِنْ إِلَّا اللَّهُ مِنْ إِلَّا اللَّهُ مِنْ إِلَّا اللَّهُ مِنْ إِلَا اللَّهُ مِنْ إِلَّا مِنْ أَلَّ اللَّا مِنْ أَلَّا مِنْ إِلَّا مِنْ أَلِمُ

'হে আমার পিতা, আমি আশংকা করছি যে, পরম করুণাময়ের (পক্ষ থেকে) তোমাকে আযাব স্পর্শ করবে, ফলে তুমি শয়তানের সঙ্গী হয়ে যাবে।' — আল-বায়ান

হে আমার পিতা! আমার ভয় হয় যে, দয়াময়ের 'আযাব আপনাকে ধরে বসবে, তখন আপনি শয়তানের বন্ধু হয়ে যাবেন।' — তাইসিক্ল

হে আমার পিতা! আমি আশংকা করি, তোমাকে আল্লাহর শাস্তি স্পর্শ করবে এবং তুমি শাইতানের সাথী হয়ে পড়বে। — মুজিবুর রহমান

O my father, indeed I fear that there will touch you a punishment from the Most Merciful so you would be to Satan a companion [in Hellfire]." — Sahih International

৪৫. হে আমার পিতা! নিশ্চয় আমি আশংকা করছি যে, আপনাকে দয়াময়ের শাস্তি স্পর্শ করবে, তখন আপনি হয়ে পড়বেন শয়তানের বন্ধু।

তাফসীরে জাকারিয়া

- (৪৫) হে আমার পিতা! নিশ্চয় আমি আশংকা করি, তোমাকে পরম দয়াময়ের শাস্তি স্পর্শ করবে এবং তুমি শয়তানের বন্ধু হয়ে পড়বে।'[1]
 - [1] অর্থাৎ, আমার ভয় হয় যে, যদি তুমি নিজ কুফরী ও শির্কে অটল থাকো, আর এই অবস্থায় যদি তোমার মৃত্যু এসে যায়, তাহলে আল্লাহর শাস্তি হতে তোমাকে কেউ বাঁচাতে পারবে না। অথবা পৃথিবীতেই তোমার উপর আল্লাহর আযাব এসে পতিত হবে এবং শয়তানের সঙ্গী হয়ে চিরদিনের মত আল্লাহর রহমত হতে বিতাড়িত হয়ে যাবে। ইবরাহীম (আঃ) নিজ পিতার সম্মান-সম্ভ্রম সম্পূর্ণ খেয়াল রেখে অত্যদিক নম্রতা ও শ্রদ্ধার সাথে তাওহীদের

(এক আল্লাহর ইবাদতের) নসীহত শোনালেন। কিন্তু তাওহীদের এই সবক (পাঠ) যতই নরম ভাষা ও মধুর ভিঙ্গমায় বলা হোক না কেন, মুশরিকদের কাছে তা অসহনীয়ই হবে। অতএব মূর্তিপূজক পিতা এই নম্রতা ও ভালবাসা-মাখা সম্বোধনের জবাবে অত্যন্ত কটু ও কঠোর বাক্য দ্বারা একেশ্বরবাদী পুত্রকে বলল, 'যদি তুমি আমার দেবদেবী থেকে বিমুখ হওয়া হতে ফিরে না এসো, তাহলে আমি তোমাকে পাথরের আঘাতে শেষ করে ফেলব।'

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2295

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন